

মাদক নিয়ে গ্রেপ্তার শাবিপ্রবির ২ ছাত্র বহিষ্কার

শাবিপ্রবি প্রতিনিধি

৬ আগস্ট ২০২৩ ০৫:৫৪ পিএম | আপডেট: ৬ আগস্ট ২০২৩ ০৬:০৬
পিএম

36
Shares



সাজিদ সাকিব ও মাহমুদ সাকিব

advertisement..

মাদক নিয়ে গ্রেপ্তার হওয়া শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) দুই ছাত্রকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

আজ রোববার বিকেলে বিষয়টি নিশ্চিত করেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মো. কামরুজ্জামান চৌধুরী।

advertisement

বহিষ্কৃত ছাত্ররা হলেন, বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের ২০২০-২১ সেশনের ছাত্র সাজিদ সাকিব ও একই সেশনের মাহমুদ সাকিব।

আরও পড়ুন: মাদকসহ শাবিপ্রবির ২ ছাত্র আটক

প্রসঙ্গত, গত বৃহস্পতিবার দিবাগত রাত ১১টার দিকে সিলেটের কোম্পানিগঞ্জ ইসলামপুরের কালা সাদেক এলাকা থেকে ১৪ বোতল মদসহ দুই ছাত্রকে গ্রেপ্তার করে কোম্পানিগঞ্জ থানা পুলিশ। এরপর মাদক আইনে তাদের নামে মামলা করে পুলিশ। পরদিন শুক্রবার তাদের কারাগারে পাঠায় আদালত।

এ ঘটনাকে কেন্দ্র করে পলিটিক্যাল স্ট্যাডিজ বিভাগের অধ্যাপক ড. সৈয়দ আশরাফুর রহমানকে আহ্বায়ক করে ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক ড. আশরাফ সিদ্দিকী ও ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক কামরুজ্জামান খাঁন প্রিন্স।

36
Shares